

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প
ই-১৩/ডি, ই, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স (লেভেল-৫)
আগারগাঁও, ঢাকা-১২০৭।
<https://edc.doict.gov.bd/>

তারিখ: ২১ পৌষ, ১৪৩২
০৫ জানুয়ারী, ২০২৬

স্মারক নং- ৫৬.০৪.০০০০.১০৬.০৭.০৯৯.০০১.২৪ / ১৩৩৩৯


বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় গ্রাহক পর্যায়ে End-user Connectivity প্রদানের কার্যক্রমের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভোট কেন্দ্রে ইন্টারনেট সংযোগ প্রদান এবং জাতীয় নির্বাচন ২০২৬ চলাকালে সুষ্ঠু ও নিরবচ্ছিন্নভাবে ইন্টারনেট সেবা প্রদান নিশ্চিতকরণের নিমিত্ত ত্রি-পক্ষীয় চুক্তি সম্পাদন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় একনেক কর্তৃক অনুমোদিত ডিপিপি-এর নির্দেশনা মোতাবেক বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসহ দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে End-user Connectivity প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে দেশের ৩২,৩৯৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ১১,৯৪৮টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ২৬৫টি মাদরাসায় ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।

০২। প্রকল্পের বিদ্যমান দরপত্র এবং সেবা ক্রয় চুক্তির শর্ত মোতাবেক ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় গ্রাহক পর্যায়ে End-user Connectivity প্রদান পরবর্তী আইএসপি কর্তৃক প্রদানকৃত ইন্টারনেট সংযোগের সার্বক্ষণিক রক্ষণাবেক্ষণ, অপারেশন, চাহিদা মোতাবেক ব্যান্ডউইথ সরবরাহ এবং গ্রাহক কর্তৃক ব্যান্ডউইথের মূল্য পরিশোধের জন্য ত্রি-পক্ষীয় চুক্তি সম্পাদনের নির্দেশনা রয়েছে। বর্তমানে শুধু মাত্র প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাথে ত্রি-পক্ষীয় চুক্তি সম্পাদনের কার্যক্রম চলমান রয়েছে।

০৩। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় গ্রাহক পর্যায়ে End-user Connectivity প্রদান পরবর্তী দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভোট কেন্দ্রে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদান নিশ্চিতকরণের মাধ্যমে জাতীয় নির্বাচন ২০২৬ সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে আগামী ১৫-০১-২০২৬ তারিখের মধ্যে ভোট কেন্দ্র সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে ত্রি-পক্ষীয় চুক্তি সম্পন্ন করা প্রয়োজন।

০৪। বর্ণিতাবস্থায়, জাতীয় নির্বাচন ২০২৬ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত তালিকাভুক্ত দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভোট কেন্দ্রে নির্বাচন চলাকালে ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় নির্বাচিত আইএসপি প্রতিষ্ঠানের মাধ্যমে সুষ্ঠু ও নিরবচ্ছিন্নভাবে প্রয়োজনীয় ইন্টারনেট সেবা প্রদান কার্যক্রম নিশ্চিতকরণের নিমিত্ত আগামী ২০-০১-২০২৬ তারিখের মধ্যে ভোট কেন্দ্র সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে ত্রি-পক্ষীয় চুক্তি সম্পন্ন করার প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৫.০১.২০২৬
(তানজিনা ইসলাম)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প।

e-mail: tangina15167@gmail.com

বিতরণ:

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, ----- উপজেলা, জেলা -----।
- ২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়, ----- উপজেলা।

অনুলিপি: অবগতির জন্য

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ----- জেলা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়, ----- জেলা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় নির্বাচিত সকল আইএসপি প্রতিষ্ঠান।